**Example no: 77-88**



# Translation Practice Sheet-8

## প্রথম আলো সম্পাদকীয় (Example no: 77-88)

**1)** শিক্ষার্থীদের আন্দোলনের মুখে সড়ক পরিবহনমালিকেরা হাফ পাস বা অর্ধেক ভাড়া নেওয়ার যে শর্তসাপেক্ষ ঘোষণা দিয়েছেন, তাতে চলমান সমস্যার সুরাহা আশা করা কঠিন।

**2)** শিক্ষার্থীরা প্রায় দুই সপ্তাহ ধরে হাফ পাসের দাবিতে আন্দোলন করছিলেন। গতকাল মঙ্গলবার ছিল তাঁদের বিআরটিএ ভবনের সামনে বিক্ষোভ কর্মসূচি।

**3)** কর্মসূচি চলাকালে পরিবহন মালিক সমিতির পক্ষে খন্দকার এনায়েত উল্যাহ শিক্ষার্থীদের হাফ পাসের দাবি মেনে নেওয়ার ঘোষণা দেন।

**4)** তবে শর্ত দেওয়া হয়েছে যে হাফ পাস কেবল ঢাকা শহরে সীমিত থাকবে, শিক্ষার্থীরা নিজ নিজ শিক্ষাপ্রতিষ্ঠানের পরিচয়পত্র দেখিয়ে এই সুবিধা নিতে পারবেন, মৌসুমি ছুটির দিন তাঁরা এ সুবিধা পাবেন না।

**5)** হাফ পাসের দাবিতে আন্দোলন করছেন সারা দেশের শিক্ষার্থীরা। সেখানে কেবল ঢাকা শহরে এই সুবিধা দেওয়া কেন?

**6)** ঢাকা শহরের বাইরের শিক্ষার্থীদের আর্থিক অবস্থা আরও নাজুক। সে ক্ষেত্রে তাঁদেরই আগে হাফ পাস–সুবিধা পাওয়ার কথা। দূরপাল্লার বাস না হলেও অন্তত মহানগরগুলোর বাসে এ সুবিধা দিতে হবে। .

**7)** শিক্ষার্থীরা মালিকপক্ষের ঘোষণা মেনে নেননি। তাঁরা বলেছেন, শর্তসাপেক্ষ ঘোষণা মানবেন না; ৯ দফা বাস্তবায়িত না হওয়া পর্যন্ত আন্দোলন চলবে।

**8)** এখন সরকারকে বুঝতে হবে, শিক্ষার্থীদের আন্দোলন আর হাফ পাসের মধ্যে সীমিত নেই। হাফ পাসের দাবিতে শিক্ষার্থীদের আন্দোলন চলাকালে ঢাকায় তিনটি মর্মান্তিক ঘটনা ঘটে।

**9)** গত সপ্তাহে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের ময়লার গাড়ি গুলিস্তানে চাপা দেয় নটর ডেম কলেজের শিক্ষার্থী নাঈম হাসানকে। মাত্র এক দিনের ব্যবধানে উত্তর সিটি করপোরেশনের আরেকটি ময়লার গাড়ি পান্থপথে সংবাদকর্মী আহসান কবীর খানকে চাপা দেয়।

**10)** দুই সিটি করপোরেশনের গাড়ি যাঁরা চালাচ্ছিলেন, তাঁরা কেউ সিটি করপোরেশনের লাইসেন্সধারী চালক নন। বেপরোয়া গাড়ি চালিয়ে যাঁরা মানুষ হত্যা করেছেন, তাঁদের বিচারের আওতায় আনতে হবে।

**11)** বিচারহীনতার কারণেই আমাদের সড়ক-মহাসড়কগুলো মৃত্যুফাঁদে পরিণত হয়েছে। সড়কে যে বিশৃঙ্খলা চলছে, তাকে শৃঙ্খলার মধ্যে আনতে হবে।

**12)** ২০১৮ সালে শিক্ষার্থীদের দাবি মেনে সরকার যে সড়ক পরিবহন আইন করেছিল, তার বাস্তবায়ন নিয়ে টালবাহানা মোটেই কাম্য নয়। সরকার নিজে নিজের আইন অমান্য করতে পারে না।

# Sample Solution (নমুনা সমাধান)

**01.** শিক্ষার্থীদের আন্দোলনের মুখে সড়ক পরিবহনমালিকেরা হাফ পাস বা অর্ধেক ভাড়া নেওয়ার যে শর্তসাপেক্ষ ঘোষণা দিয়েছেন, তাতে চলমান সমস্যার সুরাহা **আশা করা কঠিন**।

In the face of the student movement, **it is difficult** to hope/ find out/ expect a solution to the ongoing problem with the conditional announcement of half-pass or half-fare by road transport owners. *যে শর্তসাপেক্ষ ঘোষণা দিয়েছেন, তাতে = শর্তসাপেক্ষ ঘোষণায় (follow- note 1/7/9)*

**02.** **শিক্ষার্থীরা** প্রায় দুই সপ্তাহ ধরে হাফ পাসের দাবিতে **আন্দোলন করছিলেন**। গতকাল মঙ্গলবার **ছিল তাঁদের** বিআরটিএ ভবনের সামনে বিক্ষোভ কর্মসূচি।

**The students had been protesting** for half a week demanding a half pass. **They had** a protest in front of the BRTA building on Tuesday.

**03.** কর্মসূচি চলাকালে **পরিবহন মালিক সমিতির পক্ষে খন্দকার এনায়েত উল্যাহ** শিক্ষার্থীদের হাফ পাসের দাবি মেনে নেওয়ার **ঘোষণা দেন**।

During the program, **Khandaker Enayet Ullah, on behalf of the Transport Owners 'Association**, **announced/ declared** to accept the students' demand for a half-pass. *(note 9)*

**04.** তবে শর্ত দেওয়া হয়েছে যে **হাফ পাস** কেবল ঢাকা শহরে **সীমিত থাকবে**, **শিক্ষার্থীরা** নিজ নিজ শিক্ষাপ্রতিষ্ঠানের পরিচয়পত্র দেখিয়ে এই সুবিধা **নিতে পারবেন**, মৌসুমি ছুটির দিন **তাঁরা** এ সুবিধা **পাবেন না**।

But they added/stipulated a condition that **the half pass will be limited** to/in Dhaka city only. **Students will be able to avail/take** this facility by showing the identity card of their respective educational institution. **They will not get** this facility on seasonal holidays. *(follow- note 1/2)*

**05.** হাফ পাসের দাবিতে আন্দোলন করছেন সারা দেশের শিক্ষার্থীরা। সেখানে কেবল ঢাকা শহরে এই সুবিধা দেওয়া কেন?

**Students from all over the country** **are protesting** for the demand of half pass. **Why** **is** **this facility** **given** only in Dhaka city?

**06.** ঢাকা শহরের বাইরের শিক্ষার্থীদের আর্থিক অবস্থা আরও নাজুক। সে ক্ষেত্রে তাঁদেরই আগে হাফ পাস–সুবিধা পাওয়ার কথা। দূরপাল্লার বাস না হলেও অন্তত মহানগরগুলোর বাসে এ সুবিধা দিতে হবে।

**The financial situation of students outside Dhaka city** **is** more fragile/feeble. In that case, **they** **should get** half pass facility first. Even if it is not a long-distance bus, **this facility** **has to be given** at least in the metropolitan buses.

**07.** শিক্ষার্থীরা মালিকপক্ষের ঘোষণা মেনে নেননি। তাঁরা বলেছেন, শর্তসাপেক্ষ ঘোষণা মানবেন না; ৯ দফা বাস্তবায়িত না হওয়া পর্যন্ত আন্দোলন চলবে।

**The students** **did not accept** the bus owner's announcement. They said that **they** **would not accept** the conditional declaration. **The movement** **will continue** till the 9 points are implemented/ executed.

**08.** এখন সরকারকে বুঝতে হবে, শিক্ষার্থীদের আন্দোলন আর হাফ পাসের মধ্যে সীমিত নেই। হাফ পাসের দাবিতে শিক্ষার্থীদের আন্দোলন চলাকালে ঢাকায় তিনটি মর্মান্তিক ঘটনা ঘটে।

Now **the government** **has to understand** that **the student movement** **is not limited** to half passes. **Three tragic incidents** **took place/ happened** in Dhaka during the student movement demanding half pass.

**09.** গত সপ্তাহে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের ময়লার গাড়ি গুলিস্তানে চাপা দেয় নটর ডেম কলেজের শিক্ষার্থী নাঈম হাসানকে। মাত্র এক দিনের ব্যবধানে উত্তর সিটি করপোরেশনের আরেকটি ময়লার গাড়ি পান্থপথে সংবাদকর্মী আহসান কবীর খানকে চাপা দেয়।

**Naeem Hasan, a student of Notre Dame College**, **was crushed/ crumpled** by a garbage truck of Dhaka South City Corporation in Gulistan last week. Just a day later, **another garbage truck of North City Corporation** **crushed** journalist Ahsan Kabir Khan on Panthapath.

10. **দুই** সিটি করপোরেশনের গাড়ি যাঁরা চালাচ্ছিলেন, তাঁরা কেউ সিটি করপোরেশনের **লাইসেন্সধারী চালক নন**। বেপরোয়া গাড়ি চালিয়ে যাঁরা মানুষ হত্যা করেছেন, তাঁদের বিচারের আওতায় আনতে হবে।

Those who were driving the vehicles of the two city corporations **were not licensed drivers** of the city corporation.

**Those** who have killed people by reckless driving **must be brought** to justice. *(follow- note 10)*

11. বিচারহীনতার কারণেই **আমাদের সড়ক-মহাসড়কগুলো** মৃত্যুফাঁদে **পরিণত হয়েছে**। সড়কে যে বিশৃঙ্খলা চলছে, তাকে শৃঙ্খলার মধ্যে **আনতে হবে**।

Due to lack of justice, **our roads and highways have become/been** a death trap. **The chaos** that is going on on the roads **has to be brought** into discipline. *(follow- note 10)*

12. ২০১৮ সালে শিক্ষার্থীদের দাবি মেনে সরকার যে সড়ক পরিবহন আইন করেছিল, তার বাস্তবায়ন নিয়ে **টালবাহানা মোটেই কাম্য নয়**। **সরকার** নিজে নিজের আইন **অমান্য করতে পারে না**।

**Delay/Indifference** **is unwanted/ not desirable at all** in implementation of the road transport law that **the government** **made/enacted** in 2018 in response to the demands of the students. **The government** **cannot violate/ disobey** its own laws. *(follow- note 1, অর্থাৎ অনুবাদের সুবিধার্থে ১ম বাক্যটিকে একটু নিজের মত সাজিয়ে নিয়েছি)*